

## উপজেলা পরিষদ

কমলগঞ্জ, মৌলভীবাজার।

[www.kamolganj.moulvibazar.gov.bd](http://www.kamolganj.moulvibazar.gov.bd)

স্মারক নং : ০৫.৪৬.৫৮৫৬.০০২.০২.১২.১৬/৭১০

তারিখঃ- ১৬ নভেম্বর ২০১৭ খ্রি।

### নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, উপজেলা-১ শাখার ০৫ মে, ২০১৬ খ্রি. তারিখের ৪৬.০৪৬.০১১.১০০.০০৮.২০১৫-৬১২ নং স্মারকে প্রদত্ত ছাড়পত্র ও ০৬ জুন ২০১৭ নং স্মারকে মেয়াদ  
বৃদ্ধিকরণ পত্রের আলোকে এবং একই মন্ত্রণালয়ের ৩০ নভেম্বর/২০১০ তারিখে জারিকৃত উপজেলা পরিষদ কর্মচারী (চাকুরী)  
বিষয়মালা, ২০১০ মোতাবেক চেয়ারম্যান, কমলগঞ্জ উপজেলা পরিষদ, কমলগঞ্জ, মৌলভীবাজার কার্যালয়ের জন্য রাজ্য খাতে  
সৃজিত নিম্নবর্ণিত ০২(দুই) টি পদ অস্থায়ীভাবে সরাসরি নিয়োগের মাধ্যমে পুরণের জন্য দরবাস্ত আহ্বান করা হচ্ছে। নিয়োগ  
সংক্রান্ত বিস্তারিত তথ্য প্রতিদিন অফিস চলাকালীন নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে জানা যাবে।

ক্রমিক নং	পদের নাম	পদের সংখ্যা	বয়স সীমা	জাতীয় বেতন ক্ষেত্র ২০১৫ অনুযায়ী বেতনক্রম	নিয়োগের যোগ্যতা
০১	অফিস সহায়ক	০২(দুই)টি	অনধিক ৩০ বৎসর	৮২৫০-২০০১০/-	অষ্টম শ্রেণী পাস

#### শর্তাবলী :

- প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের প্রকৃত নাগরিক ও মৌলভীবাজার জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।
- উপজেলা নির্বাহী অফিসার, কমলগঞ্জ, মৌলভীবাজার বরাবরে আবেদন করতে হবে। আবেদন আগামী ৩০/১১/২০১৭ খ্রি:  
তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ের মধ্যে সরাসরি/ডাকযোগে পৌছাতে হবে।
- আবেদনপত্রে প্রার্থীর পূর্ণ জীবন বৃত্তান্তঃ (১) নাম, (২) পিতার নাম, (৩) মাতার নাম, (৪)স্থায়ী ঠিকানা, (৫) বর্তমান  
ঠিকানা,(৬) জন্ম তারিখ, (৭) ৩০/১১/২০১৭ খ্রি: তারিখে বয়স, (৮) জাতীয়তা, (৯) ধর্ম, (১০) শিক্ষাগত যোগ্যতা,  
(১১) বিশেষ কোটার নাম ইত্যাদি উল্লেখ করতে হবে।
- মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/নাতি-নাতনী আনসার ভিডিপি এবং মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার সন্তান হলে সে  
ক্ষেত্রে তাকে তার পিতা-মাতার অনুকূলে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত সনদপত্রের সত্যায়িত অনুলিপি দাখিল  
করতে হবে।
- প্রার্থীকে পরীক্ষার ফিস বাদ যে কোন তফসিলভুক্ত ব্যাংক হতে উপজেলা নির্বাহী অফিসার, কমলগঞ্জ, মৌলভীবাজারের  
অনুকূলে ৩০০/- (তিনশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্টাৰ সংযুক্ত করতে হবে।
- নিয়োগের ক্ষেত্রে সরকারের সকল বিধি বিধান অনুসরণ করা হবে।
- সরকারি বিধি মোতাবেক কোটা সংরক্ষণ করা হবে।
- নিয়োগপ্রাপ্ত ব্যক্তিকে প্রথম ০৬ (ছয়) মাস শিক্ষানবিশ হিসেবে অস্থায়ী ভিত্তিতে কর্মরত থাকতে হবে।
- আবেদনপত্রের সাথে প্রার্থীর সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিনি) কপি রাখিন ছবি, চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ/  
পৌরসভার মেয়ার কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র, জন্ম-নিবন্ধন সনদ/জাতীয় পরিচয়পত্র (যদি থাকে), শিক্ষাগত যোগ্যতা/  
অভিজ্ঞতার সকল সনদ (১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত) ও ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত  
চারিত্রিক সনদপত্র সংযুক্ত করতে হবে।
- প্রার্থীর বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট প্রহণযোগ্য নয়। আবেদনকারীর বয়স ৩০/১১/২০১৭ খ্রি: তারিখে ১৮ হতে  
৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে বয়স ৩২ বছর পর্যন্ত শিখিলযোগ্য।
- অসম্পূর্ণ, ক্রটিপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- চাকুরীর প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদনপত্র পাঠাতে হবে।

(২)

১৩. খামের উপর মোটা অক্ষরে “পদের নাম” লিখতে হবে।
১৪. কোন তথ্য গোপন করে চাকুরীতে নিয়োগ প্রাপ্ত হলে এবং ভবিষ্যতে তথ্য গোপনের বিষয়টি প্রমাণিত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিল করে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
১৫. প্রার্থীকে যোগাযোগের ঠিকানা সম্পর্কিত এবং অব্যবহৃত ১০/- (দশ) টাকার ডাকটিকিট যুক্ত ৪.৫/১০ ইঞ্জিনিয়ারিং সাইজের একটি ফেরৎ খাম সংযুক্ত করতে হবে।
১৬. নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
১৭. কর্তৃপক্ষ যে কোন কারণ দর্শনো ব্যতিরেকে এ নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।
১৮. নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।


  
(মোহাম্মদ মাহমুদুল হক)  
উপজেলা নির্বাহী অফিসার  
কমলগঞ্জ, মৌলভীবাজার।  
ফোন নং-০৮৬২৩-৫৬০০১  
unokamalganj@gmail.com

স্মারক নং : ০৫.৮৬.৫৮৫৬.০০২.০২.০১২.১৬/৭১০ (১০০)

তারিখঃ- ১৬ নভেম্বর ২০১৭ খ্রি।

বিতরণ ও সদয় অবগতির জন্য-

- ০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পদ্ধী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
(দ্রষ্টি আকর্ষণ ও উপ সচিব, উপজেলা-১শাখা, স্থানীয় সরকার বিভাগ)।
- ০২। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
- ০৩। জেলা প্রশাসক, মৌলভীবাজার।
- ০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কমলগঞ্জ, মৌলভীবাজার।
- ০৫। উপজেলা নির্বাহী অফিসার ..... (সকল), মৌলভীবাজার।
- ০৬। উপজেলা ..... কর্মকর্তা, কমলগঞ্জ।
- ০৭। সম্পাদক, দৈনিক সমকাল/দৈনিক যুগান্তর/সাংগ্রাহিক কমলগঞ্জ সংবাদ বিজ্ঞপ্তি আগামী ২১/১১/২০১৭ খ্রি।  
তারিখের পূর্বে আপনার পত্রিকায় ভিতরের পাতায় ০১(এক) দিন প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ০৮। চেয়ারম্যান ..... ইউ.পি (সকল), কমলগঞ্জ, মৌলভীবাজার।
- ০৯। ..... মৌলভীবাজার।
- ১০। নোটিশ বোর্ড।

  
উপজেলা নির্বাহী অফিসার  
কমলগঞ্জ, মৌলভীবাজার।